

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি (১ম ব্যাচ)


মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ"(২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় কানাইঘাট উপজেলায় নিম্নোক্ত ট্রেড সমূহে ১ম ব্যাচে ভর্তির জন্য প্রকৃত বেকার, দুঃস্থ, বিধবা, অসহায় ও স্বামী পরিত্যক্তা মহিলাদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের বিবরণ

ক্র: নং	ট্রেড কোর্সের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা
০১	ফ্যাশন ডিজাইন	২০	০৩ মাস মেয়াদী	স্বাক্ষরজ্ঞান সম্পন্ন
০২	ক্রিস্টাল শো পিচ ও ডেকোরেটেড ক্যান্ডেল মেকিং(মোমবাতি)	২০	৬০ কর্মদিবস ৩৬০ ঘন্টা	

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী

- ০১। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর বয়স ১৮-৪০ বছর হতে হবে।
- ০২। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থী কে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম অত্র দপ্তরের ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।
- ০৩। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না।
- ০৪। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর আবশ্যিকভাবে জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জন্ম নিবন্ধন দিয়ে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৫। একই ব্যক্তি একাধিক ট্রেডে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না।
- ০৬। ইতিপূর্বে অত্র প্রকল্প হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন কেউ আবেদন করতে পারবেন না।
- ০৭। আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ১২-০৪-২০২৬ খ্রি:।
- ০৮। আবেদনপত্রের সহিত ০৩(তিন) কপি রজিন ছবি, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ০১(এক) সেট ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৯। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১০। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর সাথে যোগাযোগের জন্য সঠিক ও সচল মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- ১১। মৌখিক/বাছাই পরীক্ষার তারিখ, চূড়ান্ত ফলাফল অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১২। প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা ট্রেড বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৪। মৌখিক/বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা প্রদান করা হবেনা।


শামছুনহার

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:)
কানাইঘাট, সিলেট